জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

bpi.gov.bd

নং-২৮.০৪.০০০০.০০৩.১১.০০১.১৯-৮৫৫

তারিখ: ১৭ মে, ২০২৫ / ০৩ জ্যৈষ্ঠ, ১৪৩২

## নিয়োগ বিজ্ঞপ্তি

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীন বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক নিম্নবর্ণিত পদসমূহে (শর্তাদি পূরণ সাপেক্ষে) প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | উপ-পরিচালক (গ্রেড-৬) ৩৫,৫০০-৬৭০১০ (জা:বে: স্কেল ২০১৫ অনুযায়ী) | সর্বোচ্চ ৩৫ বৎসর | ১ (একটি) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা এমবিএ ডিগ্রী;<br>(খ) প্রাসঙ্গিক বিষয়ে অন্যূন ৮ (আট) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) শিক্ষাজীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; |
| ২। | বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও) (গ্রেড-৯) ২২,০০০-৫৩,০৬০ (জা:বে: স্কেল ২০১৫ অনুযায়ী) | সর্বোচ্চ ৩২ বৎসর | ১ (একটি) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূ-তত্ত্ব, ভূ-পদার্থবিদ্যা, পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং বা তৎসংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে পিএইচডি ডিগ্রী বা ভূ-তত্ত্ব বা ভূ-পদার্থবিদ্যায় অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) ডিগ্রী বা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) অথবা পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং-এ অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ;<br>(খ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; |
| ৩। | টেকনিশিয়ান (ল্যাব) (গ্রেড-১৪) ১০২০০-২৪৬৮০ (জা:বে: স্কেল ২০১৫ অনুযায়ী) | সর্বোচ্চ ৩২ বৎসর | ১ (একটি) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে ইলেকট্রিক্যাল বা পাওয়ার এ ডিপ্লোমাসহ ইলেকট্রিক্যাল ইকুইপম্যান্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে কম্পিউটার হার্ডওয়ার বা ইলেকট্রনিক্স বিষয়ে ডিপ্লোমাসহ কম্পিউটার বা পেরিফেরালস্ ইকুইপম্যান্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা। |
| ৪। | সহকারী (প্রশিক্ষণ) (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০ (জা:বে: স্কেল ২০১৫ অনুযায়ী) | সর্বোচ্চ ৩২ বৎসর | ১ (একটি) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) প্রশিক্ষণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে; এবং<br>(গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা। |
| ৫। | ল্যাব এটেনডেন্ট (গ্রেড-১৯) ৮৫০০-২০৫৭০ (জা:বে: স্কেল ২০১৫ অনুযায়ী) | সর্বোচ্চ ৩২ বৎসর | ১ (একটি) | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

**শর্তাবলিঃ**

১। সকল পদের ক্ষেত্রে আবেদনকারীর বয়সসীমা/অভিজ্ঞতা ০১/০৫/২০২৫ তারিখে নির্ধারণ করা হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রদর্শন করতে হবে।

৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৪। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.bpi.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

৬। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রমের আংশিক/ সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল/ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে এবং এক্ষেত্রে নিয়োগকারী কৃর্তপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। নিয়োগের বিষয়ে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

৮। লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে ও BPI এর ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হবে।

৯। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় মোবাইল ফোন বা অন্য কোনো ইলেক্ট্রনিক ডিভাইস বহন করলে তাঁর প্রার্থিতা বাতিল করা হবে।

১০। কোনো প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**১১। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:**

i. আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শুরুর তারিখ ও সময়: ১৯ মে ২০২৫, সকাল ১০.০০ ঘটিকা

ii. আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ: ১৯ জুন ২০২৫, বিকাল ০৫.০০ ঘটিকা

**১২। Online-এ আবেদনের পদ্ধতি:**

(ক) বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নিয়োগ পরীক্ষায় আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণ যে কোনো ওয়েব ব্রাউজারের মাধ্যমে http://bpi.teletalk.com.bd ঠিকানায় গিয়ে Online Application Form পূরণপূর্বক রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে পারবেন।

(খ) Application Form এ Color photo এবং Signature Upload করার জন্য ৩০০x৩০০ pixel কালার ছবি যা ১০০ KB এর অধিক হবে না এবং সাদা কাগজে প্রার্থীর স্বহস্তে স্বাক্ষর করতে হবে (টাইপ/মুদ্রণ নয়) যা ৩০০x৮০ Pixel হতে হবে এবং কোনোভাবেই ৬০ KB এর অধিক হবে না।

(গ) চূড়ান্তভাবে Submission করার পরে User ID সহ (যা এসএমএস এর মাধ্যমে টাকা প্রদানের সময় ব্যবহার করতে হবে) প্রার্থী একটি Applicant's copy পর্দায় দেখতে পাবেন এবং তা প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

(ঘ) অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য BPI এর ওয়েব সাইট (http://www.bpi.gov.bd) নিয়মিত Visit করতে হবে। তাছাড়া আবেদন ফরম পূরণের ক্ষেত্রে কোনো অসুবিধার সম্মুখীন হলে টেলিটক সিম হতে ১২১ এ কল করতে হবে অথবা Vas.query@teletalk.com.bd কাস্টমার কেয়ারে যোগাযোগ করতে হবে।

(ঙ) **পরীক্ষার ফি জমা প্রদান:** Applicant's copy তে প্রাপ্ত User ID ব্যবহার করে নির্দষ্ট সময়ের মধ্যে টেলিটকের Prepaid নম্বরে SMS এর মাধ্যমে BPI নিয়োগ পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ ও ২ নং এর বর্ণিত পদের জন্য ২২৩/- টাকা; ৩ ও ৪ নং এ বর্ণিত পদের জন্য ১১২/- টাকা এবং ৫নং এ বর্ণিত পদের জন্য ৫৬/- টাকা; (উল্লেখ্য অনগ্রসর নাগরিকের জন্য সকল গ্রেডের পদের জন্য ৫৬/- টাকা) Applicant's copy submit করার অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে। প্রথম SMS: BPI <Space> USER ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BPI 654789 and send to 16222 । উক্ত SMS পাঠানোর পর Teletalk হতে প্রার্থীকে স্বাগতম জানিয়ে একটি PIN নম্বর এবং পরীক্ষার ফি জমাদানের নির্দেশ দেয়া হবে। নির্দেশমতে প্রার্থী ২য় SMS: BPI <Space> YES <Space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BPI YES 12145214 and send to 16222.

উক্ত SMS প্রাপ্তির পর teletalk হতে SMS এর মাধ্যমে প্রার্থীকে পরীক্ষার ফি জমাদান নিষ্পন্ন হয়েছে মর্মে অবহিতকরণপূর্বক USER ID and PASSWORD প্রদান করা হবে।

(চ) পরীক্ষার তারিখ, সময়, পরীক্ষার কেন্দ্র ও প্রাপ্ত Admit card (প্রবেশপত্র) ডাউনলোড/প্রিন্ট করার নির্ধারিত সময়সীমা SMS/Online Notice এর মাধ্যমে প্রার্থীকে জানিয়ে দেয়া হবে। পরবর্তীতে উক্ত USER ID ও PASSWORD ব্যবহার করে প্রার্থী Admit card (প্রবেশপত্র) ওয়েবসাইট (http: bpi.teletalk.com.bd) থেকে ডাউনলোড/প্রিন্ট করতে পারবেন।

১৭/০৫/২০২৫

পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট